

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 26-12-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।
- (২) অধ্যক্ষের মৃত্যুতে আজ থেকে তিনদিনের রাষ্ট্রীয় শোক এবং আজ সরকারি ছুটি ঘোষণা করা হয়।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু বীর বাল দিবস উপলক্ষে আজ প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান করেন।
- (৪) রেলওয়ে আজ থেকে যাত্রী ভাড়া কাঠামোকে সংশোধন করেছে।
- (৫) বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের দ্বিতীয় খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে।

\*\*\*\*\*

**Biswabandhu Sen-1 :**

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ ভোরে বেঙ্গালুরুতে একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর। তার মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা,

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সাংসদ বিপ্লব কুমার দেব ও রাজীব ভট্টাচার্য, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, ত্রিপুরার অগ্রগতি এবং বিভিন্ন সামাজিক ক্ষেত্রে অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

অধ্যক্ষের মৃত্যুতে আজ থেকে তিনদিনের রাষ্ট্রীয় শোক এবং আজ সরকারি ছুটি ঘোষণা করা হয়। বিশ্ববন্ধু সেনের মরদেহ আগামীকাল রাজ্যে আনা হবে। আগামীকালই রাষ্ট্রীয় মর্যাদায় তার শেষকৃত্য সম্পন্ন হবার কথা রয়েছে।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা শোকবার্তায় বলেন, বিশ্ববন্ধু সেন রাজ্যের একজন দীর্ঘদিনের রাজনৈতিক ব্যক্তিত্ব। ধর্মনগরসহ গোটা উত্তর জেলায় বিশ্ববন্ধু সেন সর্বস্তরের মানুষের কাছে অত্যন্ত আপনজন ছিলেন। সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসাবেও তিনি অত্যন্ত সুপরিচিত ছিলেন। অধ্যক্ষ হিসাবে পবিত্র বিধানসভার অধিবেশনগুলিতে সভা পরিচালনার ক্ষেত্রে তিনি তাঁর দক্ষতা, নিষ্ঠা এবং দায়িত্বশীলতার পরিচয় রেখেছেন। তাঁর মৃত্যুতে রাজ্যের এক অপূরণীয় ক্ষতি হল।

কৃষিমন্ত্রী রতনলাল নাথ শোকবার্তায় বলেন, শান্ত স্বভাব, দায়িত্ববোধ আর সংবিধানের প্রতি তাঁর অগাধ শ্রদ্ধা স্মৃতির পাতায় অমলিন হয়ে থাকবে। এই শোক শুধু একটি পরিবারের নয়, সমগ্র রাজ্যবাসীর।

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আজ জানিয়েছেন, বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের প্রয়ানে তিনি মর্মান্বিত।

\*\*\*\*\*

## **Biswabandhu Sen-2 :**

শ্রী সরকার প্রয়াতের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন এবং পরিবার পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছেন।

বিরোধীদল নেতা জীতেন্দ্র চৌধুরী বলেছেন, বিশ্ববন্ধু সেনের সঙ্গে আমার পরিচয় বহু বছর আগের। রাজনৈতিক ক্ষেত্রে তার সঙ্গে মতাদর্শ এবং কর্মসূচি গ্রহণের ক্ষেত্রে ভিন্ন মত থাকলেও আমাদের মধ্যে ব্যক্তিগতভাবে খুবই সুসম্পর্ক ছিল।

বিশ্ববন্ধু সেনের প্রয়ানে আজ ও আগামীকাল বিজেপি ত্রিপুরা প্রদেশের দলীয় কর্মসূচি স্থগিত থাকবে।

\*\*\*\*\*

## **President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নয়্যা দিল্লিতে বীর বাল দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান করেন। এ বছর ১৮টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে মোট কুড়িজন শিশুকে তাদের অসাধারণ কৃতিত্বের জন্য এই পুরস্কারে সম্মানিত করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই পুরস্কারগুলি সারা দেশের শিশুদের অনুপ্রাণিত করবে। রাষ্ট্রপতি উল্লেখ করেন যে পুরস্কারপ্রাপ্ত শিশুরা সাহসিকতা, শিল্প, সংস্কৃতি, পরিবেশ, বিজ্ঞান, প্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ অবদান রেখেছে।

**#####Byte-President#####**

\*\*\*\*\*

## Package Story :

প্রবাদ আছে, যে পাখি উড়বে, ডিম ফুটেই ডানা ঝাপটাবে অবলীলায়। এরকম প্রমান ছিল মিজোরামের ৯ বছর বয়সী স্কুদে শিল্পী এস্কার নামতের। মাত্র চার বছর বয়সেই অস্কার জয়ী সুরকার এ আর রহমানের মা তুঝে সালামে গলা মিলিয়ে নজর কেড়েছিল গোটা দেশের। আজ রাষ্ট্রপতির হাত থেকে চলতি বছরের প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার পেল সেই মেয়ে। একটি প্রতিবেদন।

##### VC #####

\*\*\*\*\*

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বীর বাল দিবস উপলক্ষে সাহসী সাহেবজাদাদের আত্মত্যাগের কথা স্মরণ করেছেন। তিনি বলেন, এই দিনটি সাহস, দৃঢ় বিশ্বাস এবং ন্যায়ের সঙ্গে জড়িত। প্রধানমন্ত্রী সমাজিক মাধ্যমে এক পোস্টে বলেন, বীর বাল দিবস হল শ্রদ্ধার একটি দিন। এই দিনটি সাহসী সাহেবজাদাদের আত্মত্যাগকে স্মরণ করার জন্য নিবেদিত ও সাহস, দৃঢ়তা এবং ধার্মিকতার সঙ্গে জড়িত।

\*\*\*\*\*

## CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার চানমারি গুরুদোয়ারা সাহিবে আয়োজিত বীর বাল দিবস উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

মুখ্যমন্ত্রী গুরুদোয়ারায় বীর বাল দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রার্থনা সভায় অংশ নেন।

পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন, ২০২২ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বীর বাল দিবস উদযাপনের ঘোষণা দিয়েছিলেন। এই দিনটি মূলত গুরু গোবিন্দ সিং-এর দুই পুত্র সাহেবজাদা বাবা জোরাওয়ার সিং এবং বাবা ফতেহ সিং-এর আত্মত্যাগকে স্মরণ করতে বীর বাল দিবস উদযাপন করা হয়। তাদের আত্মবিশ্বাস, সাহসিকতা ও আত্মত্যাগের কাহিনী তরুণ যুব সমাজের কাছে অনুপ্রেরণার ও শিক্ষণীয়। মুখ্যমন্ত্রী বলেন, বীর বাল দিবস উদযাপনের মূল উদ্দেশ্যই হচ্ছে দেশাত্মবোধের ভাবনা ও নিজের প্রতি আস্থা ও বিশ্বাস গড়ে তোলা। সারা ভারতবর্ষে আজ এই দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এজন্য তিনি শিখ ধর্মাবলম্বী সহ রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **My Gov India-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, তার সরকার নাগরিকদের জীবনযাত্রা সহজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং আগামীদিনে সংস্কারের গতিপথ আরো বেশি উদ্যমের সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়া হবে। সামাজিক মাধ্যমে 'মাই গভ ইন্ডিয়া'র একটি পোস্ট শেয়ার করে প্রধানমন্ত্রী বলেন, ২০২৫ সাল শাসন ব্যবস্থায় একটি স্পষ্ট পরিবর্তনের সূচনা করেছে। তিনি জোর দিয়ে বলেন, সহজ কর আইন, দ্রুত

বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা, আধুনিক শ্রমআইন কার্যকর এবং অপরাধমুক্ত ব্যবসা  
সবক্ষেত্রেই প্রতিবন্ধকতা কমিয়েছে।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদে আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ  
ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং  
টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-  
এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা  
এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ  
আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## Indian Railway fare structure :

যাত্রীদের সাশ্রয়ী মূল্যের ভারসাম্য বজায় রাখা এবং কার্যক্রমের স্থায়িত্ব বজায়  
রাখার লক্ষ্যে রেলওয়ে আজ থেকে যাত্রী ভাড়া কাঠামোকে সংশোধন করেছে।  
সংশোধিত ভাড়া কাঠামোর অধীনে এবং সিজন টিকিটের ভাড়ায় কোনও

পরিবর্তন করা হয়নি। সংশোধিত ভাড়া শুধুমাত্র আজ বা তার পরে বুক করা টিকিটের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কার্যকর তারিখের পরে যাত্রা করা হলেও, আগে বুক করা টিকিটের জন্য কোনও অতিরিক্ত চার্জ প্রযোজ্য হবে না।

সাধারণ নন-এসি পরিষেবার জন্য, দ্বিতীয় শ্রেণীর সাধারণ, স্লিপার ক্লাস সাধারণ এবং প্রথম শ্রেণীর সাধারণ পরিষেবার জন্য ভাড়া সংশোধন করা হয়েছে। দ্বিতীয় শ্রেণীর সাধারণ পরিষেবায়, স্বল্প দূরত্ব এবং দৈনিক যাত্রীদের যাতে প্রভাবিত না হয় তা নিশ্চিত করার জন্য ২১৫ কিলোমিটার পর্যন্ত ভ্রমণের জন্য ভাড়া বৃদ্ধি করা হয়নি। ২১৬ কিলোমিটার থেকে ৭৫০ কিলোমিটার দূরত্বের জন্য, ভাড়া পাঁচ টাকা বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও, ৭৫১ কিলোমিটার থেকে ১২৫০ কিলোমিটার দূরত্বের জন্য ভাড়া ১০ টাকা, ১২৫১ কিলোমিটার থেকে ১৭৫০ কিলোমিটার দূরত্বের জন্য ১৫ টাকা এবং ১৭৫১ কিলোমিটার থেকে ২২৫০ কিলোমিটার দূরত্বের জন্য ভাড়া ২০ টাকা বৃদ্ধি করা হয়েছে।

\*\*\*\*\*

### **Shuvraj Singh Chowhan :**

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, ‘বিকশিত ভারত: জি র‍্যাম জি’ প্রকল্পের আওতায় ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে গ্রামগুলিতে উন্নয়নমূলক কাজ করা হবে। দূরদর্শনকে দেওয়া এক সাক্ষাৎকারে শ্রী চৌহান জানান, এই প্রকল্পে প্রতিটি গ্রামীণ পরিবারে মজুরি-ভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করা হয়েছে।

তিনি আরও জানান, সদ্য প্রণীত ‘বিকশিত ভারত: জি র‍্যাম জি আইন’-এ আবেদন করার ১৫ দিনের মধ্যে কাজ না দিলে বাধ্যতামূলকভাবে বেকার ভাতা দেওয়ার বিধান রাখা হয়েছে।

\*\*\*\*\*

## **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২৯তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শোনা যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

## **Congress :**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত মনমোহন সিংয়ের প্রথম মৃত্যুবার্ষিকী পালন করলো প্রদেশ কংগ্রেস। এই উপলক্ষে আজ আগরতলার কংগ্রেস ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মনমোহন সিংয়ের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দ।



\*\*\*\*\*

### **Science Festival-Santirbazar :**

বেতাগা দ্বাদশ শ্রেণী স্কুলে আজ শান্তিরবাজার মহকুমাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ও মেলা অনুষ্ঠিত হয়। মেলায় মহকুমার ১৫টি স্কুলের ছাত্র-ছাত্রীরা নিজেদের তৈরি মডেল নিয়ে অংশ নেয়া মেলার সূচনা করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য।

\*\*\*\*\*

### **Bijay Hajare Trophy :**

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের দ্বিতীয় খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে। আমেদাবাদের এডিএসএ ক্রিকেট মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৭ উইকেটে পন্ডিচেরিকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২২ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

